

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২১

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - উযূর নিয়ম-কানুন

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: كَانَتْ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خِرْقَةٌ يُنَشِّفُ بِهَا أَعْضَاءَهُ بَعْدَ الْوُضُوءِ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ لَيْسَ بِالْقَائِمِ وَأَبُو مُعَاذِ الرَّاوِي ضَعِيف عِنْد أهل الحَدِيث

বাংলা

8২১-[৩১] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে পৃথক একখন্ড কাপড় ছিল। এ কাপড় দিয়ে তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) উযূ (ওযু/ওজু/অজু) করার পর তাঁর উযূ (ওযু/ওজু/অজু)-র অঙ্গগুলো মুছে নিতেন।[1]

ইমাম তিরমিয়ী বলেন, হাদীসটি তেমন সবল নয়। এর একজন বর্ণনাকারী আবৃ মু'আয় মুহাদ্দিসীনের কাছে দুর্বল।

ফুটনোট

[1] য'ঈফ : তিরমিয়ী ৫৩। কারণ এর সানাদে সাবিত ইবনু আবূ সফিয়্যাহ্ রয়েছে যে দুর্বল।

ব্যাখ্যা

ব্যাখ্যা: উযূ (ওযু/ওজু/অজু) করার পর পানি মুছে ফেলা বৈধ- এ প্রসঙ্গে দলীল রয়েছে আর এটা অপছন্দ নয়। আর এ অধ্যায়ে অন্য হাদীসসমূহ রয়েছে যা বৈধ হওয়ার প্রসঙ্গে নির্দেশ করে। এটাকে উল্লেখ করেছেন আমাদের শায়খ আত্ তিরমিয়ীর শারাহতে 'আয়নী থেকে নকল করে। "নিশ্চয়ই নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ছিল রুমাল অথবা কাপড়ের টুকরা।" তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এটার দ্বারা স্বীয় মুখমণ্ডল মুছে ফেলতেন যখন উযূ (ওযু/ওজু/অজু) করতেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন